

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
০৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২০০.২৪.৪৭১

বিষয়: লুগাং তিয়ানওয়েই (বাংলাদেশ) লিমিটেড নামক কারখানার অনুকূলে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৮৫৪, তারিখঃ ০১/১০/২০২৪ খ্রিঃ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, লুগাং তিয়ানওয়েই (বাংলাদেশ) লিমিটেড, অফিস ও কারখানাঃ ২০ সিডস্টোর বাজার, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ নামক কারখানাটি ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- পরিঃ/স্পিনিং: ০০০০০৭৪৮-২৪, তারিখ: ১৪/০২/২০২৪ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: টেক্সটাইল স্পিনিং। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে তাঁদের অনুকূলে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, টেক্সটাইল স্পিনিং শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য বার্ষিক (১০০ কোটি) টাকা ও ষাণ্মাসিক (৫০ কোটি) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ নির্ধারণ করে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আইআরসি জারীর জন্য সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী টেক্সটাইল স্পিনিং শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে লুগাং তিয়ানওয়েই (বাংলাদেশ) লিমিটেড ১০০% রপ্তানিমুখী টেক্সটাইল স্পিনিং শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটিকে ৮ম শ্রেণীর আমদানি কারক হিসেবে নিবন্ধন ফিস ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বার্ষিক (১০০ কোটি) টাকা ও ষাণ্মাসিক (৫০ কোটি) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ নির্ধারণ করে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



০৭-১০-২০২৪

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর:

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
০৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, লুগাং তিয়ানওয়েই (বাংলাদেশ) লিমিটেড, অফিস ও কারখানাঃ ২০ সিডষ্টোর বাজার, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ;
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



০৭-১০-২০২৪

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)